# বিএনপির সব সাংগঠনিক পদ ছাড়লেন কায়সার কামাল



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের ডেপুটি স্পিকার নির্বাচিত হওয়ার পর দলীয় দায়িত্ব থেকে সরে দাঁড়িয়েছেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির আইনবিষয়ক সম্পাদক ব্যারিস্টার কায়সার কামাল।

এক বার্তায় তিনি জানান, ১২ মার্চ ডেপুটি স্পিকার হিসেবে নির্বাচিত হওয়ায় দায়িত্ব নিরপেক্ষভাবে পালনের স্বার্থে তিনি বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সম্পাদক পদসহ দলের সব স্তরের পদ থেকে স্বেচ্ছায় পদত্যাগ করেছেন।

অন্যদিকে, স্পিকার নির্বাচিত হওয়ার পর বিএনপির স্থায়ী কমিটির সদস্যপদ ছেড়েছেন মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ (বীর বিক্রম)। বৃহস্পতিবার (১২ মার্চ) তিনি নিজেই এ তথ্য নিশ্চিত করেন।

দুপুরে জাতীয় সংসদের অধিবেশন শুরুর সময় তিনি জানান, এর আগে সকাল ১১টায় সংসদের প্রথম অধিবেশনে স্পিকার হিসেবে নির্বাচিত হন তিনি।

মেজর হাফিজ বলেন, স্পিকারের পদটি সম্পূর্ণ নিরপেক্ষ হওয়ায় দায়িত্ব পালনে নিরপেক্ষতা বজায় রাখতে তিনি ইতোমধ্যে বিএনপির স্থায়ী কমিটি থেকে পদত্যাগ করেছেন।